শ্রীচৈতন্য কলেজ, হাবড়া

4-year Undergraduate Programme (Honours/ Honours with Research) এবং 3- year Multidisciplinary UG Programme –এ ভর্তির আবেদনপত্র পূরণের কিছু গুরুত্বপূর্ণ নির্দেশাবলী: ২০২৩-২০২৪

আবেদনপত্র পূরণ

বিশেষ নির্দেশ: যদি কোনো আবেদনকারী ভুয়ো পরিচয়ে আবেদন করে, তাহলে তার বিরুদ্ধে কলেজের পক্ষ থেকে মহামান্য ভারত সরকারের সাইবারক্রাইম আইন (The Information Technology Act, 2000) অনুযায়ী কঠোর ব্যবস্থা নেওয়া হবে। সমস্ত সাইবার ক্যাফের কর্ণধারদের এই বিষয়ে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করতে বলা হচ্ছে এবং আবেদনকারীদের তথ্য– নাম, ঠিকানা, এবং ফোন নম্বর– নথিভুক্ত করে রাখার জন্য অনুরোধ করা হচ্ছে।

- আবেদনপত্রে প্রতিটি শূন্যস্থান সঠিকভাবে পূরণ করা বাধ্যতামূলক।
- আবেদনপত্রের ছবিটি অবশ্যই 5 KB থেকে 30KB-এর মধ্যে পাসপোর্ট আকারে রাখতে হবে। এর সাথে 200KB-এর মধ্যে H.S. Marksheet ও 200 KB মধ্যে Caste Certificate/General (EWS)-এর Scanned Copy Upload করতে হবে। ছবি ও প্রয়োজনীয় নথিপত্র Upload করার সময় শুধুমাত্র JPG Format গ্রাহ্য হবে।
- আবেদনপত্রে অবশ্যই নিজের ফোন নম্বর, WhatsApp নম্বর, Email Id এবং অভিভাবকের ফোন নম্বর দিতে হবে।
- আবেদনপত্রে ACADEMIC DETAILS-এর অংশে ELIGIBILITY CRITERIA অনুযায়ী সঠিকভাবে তথ্যপ্রদান না করলে, MERIT POINT শূন্য (0) প্রদর্শিত হবে এবং MERIT পয়েন্ট শূন্য (0) হলে আবেদনপত্র Submit করা যাবে না।
- আবেদনপত্রে Club নির্বাচনের ক্ষেত্রে যেকোনো দুটি Club নির্বাচন করা বাধ্যতামূলক। Pure Science শিক্ষার্থীদের Number Club এবং Bio Science শিক্ষার্থীদের Nature Club নির্বাচন করা বাধ্যতামূলক।
- আবেদনপত্রের শেষে Declarationটি স্বীকার (✓) না করা পর্যন্ত সেটি জমা পড়বে না।

❖ আবেদনপত্র সঠিকভাবে জমা করার পর অবশ্যই সেটির Print Out করে রাখতে হবে।

❖ সরকারী আদেশ অনুযায়ী কোনো Application Fee (আবেদনপত্র জমা বাবদ টাকা) জমা দেওয়ার প্রয়োজন নেই।

❖ আবেদনপত্র জমা করার পর নিজের Application ID টি সংগ্রহ করে রাখতে হবে।

আবেদনপত্র পূরণের বিশেষ ক্ষেত্র

❖ একজন আবেদনকারী একাধিক স্নাতক (4-year Undergraduate Programme (Honours/ Honours with Research) বিষয়ের জন্য আবেদন করতে পারে তবে ভিন্ন আবেদনপত্রে। কোনও আবেদনকারী একই স্নাতক [4-year Undergraduate Programme (Honours/ Honours with Research)] বিষয়ে একাধিকবার আবেদন করতে পারবে না।

❖ একজন আবেদনকারী তিনটি 3- year Multidisciplinary UG Programme–এ পৃথক ভাবে আবেদন করতে পারে যেমন, B.A, B.Sc এবং B.Sc-(Bio)। সমস্ত আবেদনকারীকে জানানো হচ্ছে যে এই কোর্সগুলিতে আবেদনের সময় Subject Combination প্রদর্শিত হবে না। তবে মেধাতালিকা অনুযায়ী Provisional Admission বা টাকা দিয়ে ভর্তির সময় একজন আবেদনকারী এই তিনটি ভিন্ন কোর্সে তার পছন্দের Subject Combination বেছে নিতে পারে।

❖ উচ্চমাধ্যমিক বা এর সমতুল্য পরীক্ষায় Mathematics নিয়ে পাস করা একজন আবেদনকারী Geography (Major) এর জন্য আবেদন করতে পারবে। Arts নিয়ে পাস করা কোন আবেদনকারী Geography (Major) এর জন্য আবেদন করতে পারবে যদি তার উচ্চমাধ্যমিক বা এর সমতুল্য পরীক্ষায় Geography থেকে থাকে।

❖ কোনো আবেদনকারী Mathematics, Physics, Chemistry, এবং Economics এর মধ্যে যেকোন একটি বিষয় Major হিসাবে নিয়ে পড়তে চাইলে, তাকে অবশ্যই উচ্চমাধ্যমিক বা এর সমতুল্য পরীক্ষায় Mathematics-এ পাস করতে হবে।

❖ 4-year Undergraduate Programme (Honours/ Honours with Research) কোর্সে আবেদন করার Eligibility criteria জানার জন্য একজন আবেদনকারীকে আমাদের কলেজ প্রসপেক্টাসের (ভর্তির পোর্টালে উপলব্ধ) পৃষ্ঠা নম্বর 52থেকে 56 পর্যন্ত অনুসরণ করতে হবে।

আবেদনপত্র সংশোধন

❖ আবেদনপত্র জমা নেওয়ার জন্য অনলাইন পোর্টাল খোলা থাকাকালীন, নির্দিষ্ট সময়ের মধ্যে একজন আবেদনকারী তার আবেদনপত্র (প্রয়োজনে) সংশোধন করতে পারবে।

- ❖ আবেদনপত্রে কোনোরকম সংশোধনের ক্ষেত্রে (Date of Birth ছাড়া) Admission Portal-এ FORM CORRECTION Section-এ গিয়ে Application ID এবং Date of Birth (password)-এর সাহায্যে Login করে সংশোধন করতে হবে।

মেধাতালিকা প্রকাশ ও অনলাইনে কলেজে ভর্তি

- ❖ Provisional Admission List-এ অর্থাৎ টাকা দিয়ে ভর্তি হওয়ার জন্য নাম প্রকাশের পর PAY ADMISSION FEE-তে প্রবেশের মাধ্যমে Subject ও Course অনুযায়ী অর্থপ্রদান করতে হবে এবং Payment Slip সংগ্রহ করতে হবে।
- ❖ যদি আবেদনকারীর নাম প্রকাশিত Merit List-এ নথিভুক্ত না হয় বা আবেদনকারী ভর্তি প্রক্রিয়া চলাকালীন কোনও অসুবিধার সম্মুখীন হয়, তাহলে আবেদনকারী তা নির্দিষ্ট তারিখের মধ্যে উপযুক্ত প্রমাণসহ Admission Portal-এ থাকা **COMPLAINT BOX** এর মাধ্যমে জানাতে পারে। অন্যথায় অভিযোগটি কলেজ কর্তৃপক্ষের দ্বারা সমাধান করা সম্ভব নয়।
- ❖ কোনো ছাত্র-ছাত্রী ভর্তির পর বিষয় পরিবর্তন করে নতুন ভাবে ভর্তি হতে চাইলে তাকে নতুন Combination অনুযায়ী পুরো Admission Fees জমা দিয়ে ভর্তি হতে হবে। তার পূর্ববর্তী Admission Fees সে যথাসময়ে ফেরত পাবে।
- ❖ Admission এবং Registration-এর সময় প্রত্যেক ছাত্রছাত্রীকে একই Subject Combination বজায় রাখতে হবে। পরবর্তী কালে কলেজ প্রদত্ত Subject Combination-এর কোনোরকম পরিবর্তনের দায়ভার কলেজ বহন করবে না।

আবেদনপত্র যাচাই

- ❖ আবেদনপত্র যাচাইয়ের সময় Physical Education বিষয়ে ভর্তির জন্য সমস্ত আবেদনকারীদের বাধ্যতামূলকভাবে শারীরিক সক্ষমতার পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ❖ Verification প্রক্রিয়াটি সরকারী বিজ্ঞপ্তি অনুসারে নির্দিষ্ট দিনে করা হবে। ছাত্রছাত্রীদের প্রয়োজনীয় সমস্ত Documents-গুলি উক্ত দিনগুলিতে সঙ্গে রাখতে হবে। আবেদনকারীকে কলেজ ওয়েবসাইট এবং এডমিশন পোর্টাল নিয়মিত অনুসরণ করতে বলা হচ্ছে।
- ❖ আবেদনপত্র পূরণ করার সময়ে আবেদনকারী যে তথ্যগুলি প্রদান করবে তা ভুল প্রমাণিত হলে তার ভর্তি বাতিল হয়ে যাবে এবং এর জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

....